বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ শাখা

**পেপার ক্লিপিংস - ১১ অক্টোবর, ২০২০**

# ইত্তেফাক

## চাঁদপুরে ভোটকেন্দ্রের বাইরে সহিংসতায় যুবক নিহত

চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভা নির্বাচনে গনি মডেল উচ্চ বিদ্যালয় কেন্দ্রের বাইরে প্রার্থীর সমর্থকদের মধ্যে সহিংসতার ঘটনায় ছুরিকাঘাতে মো. ইয়াছিন মোল্লা (১৮) নামে এক যুবক নিহত হয়েছে। শনিবার দুপুর সাড়ে ১২টায় ঐ কেন্দ্রের বাইরে এই সহিংসতার ঘটনা ঘটে। ইয়াছিনের পিতা হারুন মোল্লা অভিযোগ করেন, তাকে ছুরিকাঘাত করে কোড়ালিয়া এলাকার মফিজ মিজির ছেলে মো. শাহাদাত মিজি (২০)।

ঘটনাস্থল থেকে গুরুতর আহত অবস্থায় ইয়াছিনকে তার বন্ধু রিয়াদ চাঁদপুর সরকারি হাসপাতালে নিয়ে যায়। অতিরিক্ত রক্তক্ষরণের কারণে কর্তব্যরত চিকিতসক নুরে আলম প্রাথমিক চিকিতসা দিয়ে ঢাকায় রেফার করেন। পরবর্তী সময়ে ঢাকায় নেওয়ার পথে দুপুর ২টার দিকে তার মৃত্যু হয়। নিহত ইয়াছিন শহরের কোড়ালিয়া রোডের মো. হারুন মোল্লার ছেলে। হারুন মোল্লা গ্রামীণফোন সেন্টারের দারোয়ান। ভাইদের মধ্যে ইয়াছিন বড় এবং দর্জির কাজ করত।

চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) ডা. সুজাউদ্দৌলা রুবেল বলেন, ওই যুবকের অবস্থা গুরুতর ছিল। ছুরিকাঘাতে তার গলার রগ কেটে যায়। অতিরিক্ত রক্তক্ষরণে ঢাকার নেওয়ার পথে মৃত্যু হয়েছে। পুলিশ সুপার মো. মাহবুবুর রহমানসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। চাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নাসিম উদ্দিন বলেন, জানতে পেরেছি নিহত ইয়াছিন ও অভিযুক্ত শাহাদাত উভয়ই একই প্রার্থীর সমর্থক ছিল সিনিয়র ও জুনিয়র নিয়ে তর্কের একপর্যায়ে এই ঘটনায় ঘটে। অভিযোগ করা হলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

চরভদ্রাসন উপজেলা চেয়ারম্যান পদে উপনির্বাচন

# নিক্সন চৌধুরীর সমর্থনে জয় পেল নৌকা

ফরিদপুর প্রতিনিধি/চর ভদ্রাসন সংবাদদাতা

ফরিদপুর চর ভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে উপনির্বাচনে বিপুল ভোটে জয় পেয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী। পরপর তিন বার পরাজয়ের পর এবার সংসদ সদস্য মজিবুর রহমান চৌধুরী নিক্সনের সমর্থন নিয়ে জয় পেল নৌকা প্রতীকের প্রার্থী ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাফেজ মো. কাউসার।

এর আগে ২০০৯ সালে আওয়ামী লীগের প্রেসিডিয়াম মেম্বার কাজী জাফরউল্ল্যাহর সমর্থন নিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচন করে পরাজিত হন হাফেজ কাউসার। এর পরে ২০১৪ সালে স্থানীয় **সরকার** নির্বাচনে দলীয় প্রতীকের প্রচলন হলে নৌকা প্রতীক নিয়ে ২০১৪ ও ২০১৯ সালে উপজেলা পরিষদ চেয়ারম্যান পদে নির্বাচন করে পরাজিত হন তিনি। এই দুই নির্বাচনেও তিনি আওয়ামী লীগের প্রেসিডিয়াম মেম্বার কাজী জাফরউল্ল্যাহর সমর্থন নিয়ে নির্বাচন করেছিলেন।

মোট ২২টি কেন্দ্রের মধ্যে একটি কেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত থাকায় বেসরকারিভাবে ঘোষিত ২১টি কেন্দ্রের ফলাফলের মধ্যে নৌকা প্রতীকের প্রার্থী হাফেজ মো. কাউসার পেয়েছেন ১৭ হাজার ৭০৯ ভোট, নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্রপ্রার্থী ওবায়দুল বারী দিপু ঘোড়া প্রতীক নিয়ে পেয়েছেন ৫ হাজার ৭০১ ভোট। গত বৃহস্পতিবার সকাল ৯টা থেকে এই উপনির্বাচনে শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ শুরু হয়ে বিরতিহীনভাবে চলে বিকাল ৪টা পর্যন্ত। মোট ভোটকেন্দ্র ছিল ২২টি, সিল দেওয়া ব্যালট পাওয়ায় একটি কেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত করা হয়। উপজেলার চারটি ইউনিয়নের মোট ভোটার সংখ্যা ৫৬ হাজার ৯৪৩ জন।

গত বছর ২৩ অক্টোবর এই উপজেলা পরিষদের চেয়ারম্যান মোশারফ হোসেন মুসার মৃত্যুর কারণে উপজেলার চেয়ারম্যান পদটি শূন্য হয়ে যায়। গত ২৯ মার্চ এ উপনির্বাচন হওয়ার কথা ছিল। করোনার কারণে নির্বাচন স্থগিত হয়ে যায়। গতকাল ১০ অক্টোবর সেই নির্বাচনের ভোটগ্রহণ করে নির্বাচন কমিশন।

ঐ নির্বাচনের আগে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের ও নিজের সমর্থিত প্রার্থী হিসেবে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. কাউসার হোসেনের নাম ঘোষণা দেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য কাজী জাফরউল্ল্যাহ।

কিন্তু গত ২৫ সেপ্টেম্বর নৌকা প্রতীকের রেপ্লিকা ও ফুলের তোড়া এমপি নিক্সনের হাতে তুলে দিয়ে নিক্সনের সঙ্গে যোগ দেন কাউসার। সে সময় কাউসার বলেন, আমি বুঝতে পেরেছি, ভাঙ্গা, সদরপুর ও চর ভদ্রাসন—এই তিন উপজেলার মানুষের চোখের মণি এমপি নিক্সন চৌধুরী। আমি

তিন বার পরাজিত হয়েছি, এবার এমপি নিক্সন চৌধুরী সমর্থন না দিলে আবারও পরাজিত হব, পরাজিত হবে নৌকা। এমপি নিক্সন আওয়ামী পরিবারের সন্তান, বঙ্গবন্ধুর দৌহিত্র। তাই আমি তার হাতে নৌকা প্রতীক তুলে দিয়ে তার সমর্থন নিতে এসেছি।

এমপি নিক্সন চৌধুরীও তাকে সমর্থন জানিয়ে তার সব নেতাকর্মীকে নৌকা প্রতীকের পক্ষে কাজ করার নির্দেশ দেন।

বিজয়ী হওয়ার পরে হাফেজ মো. কাউসার তাতক্ষণিক প্রতিক্রিয়ায় জানান, এই জয় আমার নয়, এই জয় এমপি নিক্সন চৌধুরীর, এই জয় জননেত্রী শেখ হাসিনার।

# যুগান্তর

৭ পৌর ও ৭৩ ইউনিয়নে ভোট

# আ'লীগ প্রার্থীদের জয়জয়কার

দুটি ছাড়া কোনো নির্বাচনে ঝামেলা হয়নি -ইসি সচিব * চরভদ্রাসনে একটি কেন্দ্র স্থগিত, প্রিসাইডিং কর্মকর্তা আটক

যুগান্তর রিপোর্ট

দেশের ৭ পৌরসভা ও ৭৩ ইউনিয়নসহ ৮৩টি স্থানে শনিবার ভোট হয়েছে। এসব নির্বাচনে বেশির ভাগ স্থানে আওয়ামী লীগ প্রার্থীরা জয়লাভ করেছেন। বিভিন্ন স্থানে অনিয়মের অভিযোগে বিএনপির কয়েকজন প্রার্থী ভোট বর্জন করেছেন।

চরভদ্রাসন উপজেলার একটি কেন্দ্রে রাতে ৫শ' ব্যালটে সিল মারার ঘটনায় ওই কেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা বিষ্ণু কুমার চক্রবর্তীর বিরুদ্ধে মামলা করেছে ইসি। তাকে আটক করেছে পুলিশ।

যদিও ওই প্রিসাইডিং কর্মকর্তা দাবি করেছেন, রাতে কতিপয় দুষ্কৃতকারী তাকে অস্ত্রের ভয় দেখিয়ে ওইসব ব্যালটে সিল মেরেছে।

এ প্রসঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব মো. আলমগীর যুগান্তরকে বলেন, চাঁদপুর পৌরসভা নির্বাচনে ভোটকেন্দ্রের বাইরে সহিংসতায় একজন মারা গেছেন। ভোট কেন্দ্রের বাইরে নিজেদের মধ্যে দ্বন্দ্বের কারণে এ সহিংসতা হয়েছে।

আর ফরিদপুরের চরভদ্রাসন উপজেলা নির্বাচনে একটি কেন্দ্রে রাতে ব্যালট পেপারে সিল মারায় প্রিসাইডিং কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দেয়া হয়েছে। এছাড়া আর কোনো নির্বাচনে ঝামেলা হয়েছে এমন খবর পাইনি।

তিনি বলেন, ভোটগ্রহণের আগে সব কেন্দ্রে ম্যাজিস্ট্রেট পাঠিয়ে ব্যালট চেক করা হয়েছে। এ সময় ওই কেন্দ্রের ব্যালটে সিল মারা অবস্থায় পাওয়ায় তাকে আটক করা হয়েছে। ম্যাজিস্ট্রেট যাওয়ার আগে সিল মারার ওই ঘটনা ইসিকে জানাননি ওই প্রিসাইডিং কর্মকর্তা।

ইসি জানিয়েছে, এদিন ৭টি পৌরসভা, ৭৩টি ইউনিয়ন পরিষদ, একটি উপজেলা, কুষ্টিয়া জেলার একটি ওয়ার্ড ও ঢাকা দক্ষিণ সিটির ৪৪ নম্বর ওয়ার্ডে ভোট হয়।

চাঁদপুর : চাঁদপুর পৌরসভা নির্বাচনে ৩৪ হাজার ৮২৫ ভোট পেয়ে বেসরকারিভাবে মেয়র নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগ মনোনীত নৌকা মার্কার প্রার্থী মো. জিল্লুর রহমান জুয়েল।

হামলা, মারধর এবং জোরপূর্বক কেন্দ্র দখলের অভিযোগে দুই মেয়র প্রার্থী চাঁদপুর পৌরসভা নির্বাচন বর্জন করেছেন। তারা হলেন বিএনপির প্রার্থী আক্তার হোসেন মাঝি ও ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রার্থী মামুনুর রশিদ বেলাল।

এদিন চাঁদপুর শহরের ৮নং ওয়ার্ডের গণি মডেল উচ্চ বিদ্যালয় কেন্দ্রের সামনে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বে ছুরিকাঘাতে ইয়াছিন মোল্লা (২৩) নামে এক দর্জি শ্রমিক নিহত হয়েছেন।

কুমিল্লা : বরুড়ার ১৩ নম্বর আদ্রা ইউনিয়ন পরিষদ উপনির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মাহফুজুর রহমান সেলিম অভিযোগ করেন, শুক্রবার রাতে নৌকার প্রার্থী আবদুল করিমের বাহিনী তাদের ওপর হামলা চালিয়েছে।

এতে তিনিসহ ১০ জন নেতাকর্মী আহত হয়েছেন। তবে অভিযোগ অস্বীকার করেছেন নৌকার প্রার্থী।

জয়পুরহাট ও কালাই : কালাই পৌরসভার মেয়র পদের উপনির্বাচনে ভোটার ও এজেন্টদের ভয়ভীতি দেখিয়ে কেন্দ্র থেকে বের করে দেয়াসহ নানা অভিযোগে বিএনপি সমর্থিত প্রার্থী আনিছুর রহমান তালুকদার নির্বাচন বর্জন করেছেন।

মেয়র পদে নৌকা প্রতীকের প্রার্থী তৌফিকুল ইসলাম তালুকদার বেলাল সাত হাজার ৫৬১ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

রাজশাহী : গোদাগাড়ী উপজেলার মাটিকাটা ইউনিয়নের উপনির্বাচনে আওয়ামী লীগের শহিদুল করিম শিবলী নৌকা প্রতীকে ১৩ হাজার ৯৭১ ভোটে বেসরকারিভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

চরভদ্রাসন (ফরিদপুর) : চরভদ্রাসন উপজেলা পরিষদের উপনির্বাচনে ভোট জালিয়াতির ঘটনায় একটি কেন্দ্র স্থগিত করা হয়েছে।

কেন্দ্রটি হল ডাঙ্গী গ্রামের চরভদ্রাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়। শনিবার সকালে ভোটগ্রহণ শুরুর আগে ওই কেন্দ্রে ৫০০ সিলমারা ব্যালট পাওয়া যায়।

কালীগঞ্জ (ঝিনাইদহ) : কালীগঞ্জ পৌরসভার ৫নং ওয়ার্ডের কাউন্সিলর পদে উপনির্বাচনে বোতল প্রতীকের মনিরুজ্জামান রিংকু ১৬৬৭ ভোট পেয়ে বেসরকারিভাবে বিজয়ী হয়েছেন।

গলাচিপা (পটুয়াখালী) : গলাচিপা উপজেলার পানপট্টি ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনে মো. ইব্রাহিম হোসেন স্বপন ৭১৩ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

জগন্নাথপুর (সুনামগঞ্জ) : জগন্নাথপুর পৌরসভার মেয়র পদে উপনির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী মিজানুর রশিদ ভূঁইয়া ৬১৫৬ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

ভোট কারচুপি ও জাল ভোটের অভিযোগে নির্বাচন বর্জন করেছেন বিএনপির প্রার্থী রাজু আহমদ ও স্বতন্ত্র আবুল হুসেইন সেলিম।

মাধবপুর (হবিগঞ্জ) : মাধবপুর পৌরসভার ১নং ওয়ার্ডের উপনির্বাচনে মো. আবজাল মিয়া পাঞ্জাবি প্রতীকে ৬৬২ ভোট পেয়ে বেসরকারিভাবে কাউন্সিলর নির্বাচিত হয়েছেন।

সেনবাগ : নোয়াখালীর সেনবাগ উপজেলার বীজবাগ ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সদস্যপদে উপনির্বাচনে মো. সহিদ উল্ল্যাহ ৪৯৭ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

নরসিংদী : করিমপুরের ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন আওয়ামী লীগের প্রার্থী মমিনুর রহমান। তিনি নৌকা প্রতীকে ভোট পেয়েছেন ৭৫০৬টি।

গাইবান্ধা : সদর উপজেলার সাহাপাড়া ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী মো. গোলাম মওলা তিন হাজার ৬৯১ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

দামুড়হুদা (চুয়াডাঙ্গা) : উপজেলার নতিপোতা ইউনিয়নে ইয়ামিন আলী অনারস প্রতীকে পাঁচ হাজার ১৫ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। নাটদহ ইউনিয়নে সফিকুল ইসলাম সফি নৌকা প্রতীক চার হাজার ৬৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

# কালের কণ্ঠ

চাঁদপুরে কেন্দ্রের বাইরে খুন

## স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচনে জয়ী সবাই আওয়ামী লীগের প্রার্থী

কালের কণ্ঠ ডেস্ক

চাঁদপুর পৌরসভা নির্বাচন চলাকালে কেন্দ্রের বাইরে আওয়ামী লীগ সমর্থিত এক কাউন্সিলর প্রার্থীর এক কর্মীকে গলা কেটে হত্যা করা হয়েছে। এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। এদিকে দেশের কয়েকটি এলাকায় বিভিন্ন পদের উপনির্বাচনে আওয়ামী লীগ দলীয় ও সমর্থিত প্রার্থীরাই বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। জাল ভোট ও কারচুপির অভিযোগ এনে অনেক স্থানেই বিএনপি দলীয় ও স্বতন্ত্র প্রার্থীরা নির্বাচন বর্জন করেছেন। এ ব্যাপারে আমাদের প্রতিনিধিদের পাঠানো খবর—

**চাঁদপুর :** চাঁদপুর পৌরসভা নির্বাচন চলাকালে কেন্দ্রের বাইরে মো. ইয়াসিন (১৮) নামের এক তরুণকে গলা কেটে হত্যা করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে শহরের গনি আদর্শ উচ্চ বিদ্যালয় ভোটকেন্দ্রের সামনের সড়কে এ ঘটনা ঘটে। ইয়াসিন শহরের কোড়ালিয়া এলাকার হারুন মোল্লার ছেলে। তিনি চাঁদপুর পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের আওয়ামী লীগ সমর্থিত কাউন্সিলর প্রার্থী হোসাইন আহমেদ হেলালের কর্মী ছিলেন। এ ঘটনার পর পুলিশ ও বিজিবি ঘটনাস্থলে অবস্থান নেয়। পরে ঘটনার পরপরই ঘাতক সাহেদ পালিয়েছেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুর সাড়ে ১২টার দিকে মো. ইয়াসিন ও তাঁর বন্ধু সাহেদের মধ্যে কথা-কাটাকাটি হয়। এতে অন্য বন্ধুরাও যোগ দেয়। একপর্যায়ে উত্তেজনা ছড়িয়ে পড়লে পকেট থেকে ধারালো চাকু বের করে সাহেদ ইয়াসিনের গলা কেটে দেয়। গুরুতর আহত ইয়াসিনকে প্রথমে চাঁদপুর জেনারেল হাসপাতালে নিয়ে যায় আশপাশের লোকজন। সেখানে অবস্থার অবনতি হলে ঢাকায় নেওয়ার পথে তিনি মারা যান। পেশায় টেইলারিং দোকানের কর্মচারী মো. ইয়াসিন তিন ভাইয়ের মধ্যে সবার বড় ছিলেন। তাঁকে হত্যার জন্য দায়ী অপর তরুণ শহরের কোড়ালিয়া এলাকার সফিক মিয়াজির ছেলে সাহেদ।

এদিকে গতকাল অনুষ্ঠিত চাঁদপুর পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী জিল্লুর রহমান জুয়েল বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। এর আগে বিকেলে নানা

অভিযোগ তুলে বিএনপির প্রার্থী আক্তার হোসেন মাঝি এবং ইসলামী আন্দোলনের মামুনুর রশিদ বেলাল ভোট বর্জন করেন।

**জয়পুরহাট :** কালাই পৌরসভার উপনির্বাচনের বেসরকারি ফলাফলে সাত হাজার ৫৬১ ভোট পেয়ে আওয়ামী লীগের প্রার্থী তৌফিকুল ইসলাম তালুকদার মেয়র নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপির প্রার্থী আনিছুর রহমান তালুকদার অনিয়মের নানা অভিযোগে নির্বাচন বর্জন করলেও তিনি ভোট পেয়েছেন ৬০৬টি। ভোটার উপস্থিতির হার ৬১.১১ শতাংশ। ভোট চলাকালে দুপুর ১২টার দিকে নানা অভিযোগে ভোট বর্জন করেন বিএনপির মেয়র প্রার্থী আনিছুর রহমান তালুকদার। এর পর থেকে পৌরসভার ৯ কেন্দ্রে ভোটার উপস্থিতি কমে যায়।

**জগন্নাথপুর (সুনামগঞ্জ) :** জগন্নাথপুর পৌরসভার মেয়র পদে উপনির্বাচনের বেসরকারি ফলাফলে আওয়ামী লীগের প্রার্থী মিজানুর রশিদ ভূঁইয়া ছয় হাজার ১৫৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এর আগে কারচুপি ও জাল ভোটের অভিযোগ এনে বিএনপির প্রার্থী রাজু আহমদ (ধানের শীষ) ও স্বতন্ত্র প্রার্থী আবুল হুসাইন সেলিম (জগ) নির্বাচন বর্জন করেন। গতকাল বিকেলে স্থানীয় গণমাধ্যমকর্মীদের কাছে ব্যাপক কারচুপির অভিযোগ করেন তাঁরা। বিএনপির প্রার্থী রাজু আহমদ বলেন, ‘সরকারদলীয় লোকজন আমাদের এজেন্টদের বের করে দিয়ে প্রশাসনের সহযোগিতায় বিভিন্ন ভোটকেন্দ্রে জাল ভোট দিয়েছে। নির্বাচনে প্রভাব বিস্তার করা হয়েছে। তাই এ নির্বাচন আমি বর্জন করেছি।’ স্বতন্ত্র প্রার্থী আবুল হুসাইন সেলিম বলেন, ‘আমার বিজয় সুনিশ্চিত জেনে আওয়ামী লীগের প্রার্থী দলীয় প্রভাব বিস্তার করে কয়েকটি কেন্দ্রে ব্যাপক জাল ভোট দিয়েছে।’

**গাইবান্ধা :** গাইবান্ধা সদর উপজেলার সাহাপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদের উপনির্বাচনে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী মো. গোলাম মওলা তিন হাজার ৬৯১ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম আওয়ামী লীগ প্রার্থী রেকায়েতুল ইসলাম রিংকু পেয়েছেন তিন হাজার ৫১৪ ভোট।

**চান্দিনা (কুমিল্লা) :** চান্দিনার ২ নম্বর বাতাঘাসী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগ প্রার্থী খোরশেদ আলম পাঁচ হাজার ৫৫৭ ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

**ফরিদপুর :** চরভদ্রাসন উপজেলা পরিষদের চেয়ারম্যান পদের উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী মো. কাওছার হোসেন বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

**চৌগাছা (যশোর) :** যশোরের চৌগাছা পৌরসভার ৪ নম্বর সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদের উপনির্বাচনে ৬৩১ ভোট পেয়ে উপজেলা আওয়ামী লীগ নেতা ও সাবেক কাউন্সিলর সিদ্দিকুর রহমান বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন।

**কালীগঞ্জ (ঝিনাইদহ) :** কালীগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পদের উপনির্বাচনে মনিরুজ্জামান রিংকু এক হাজার ৬৬৭ ভোট পেয়ে বেসরকারিভাবে জয়ী হয়েছেন।

# বাংলাদেশ প্রতিদিন

## চাঁদপুরে ভোট কেন্দ্রের বাইরে ছুরিকাঘাতে তরুণ খুন

### চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভা নির্বাচনে গনি মডেল উচ্চ বিদ্যালয় কেন্দ্রের বাইরে প্রার্থীর সমর্থকদের মধ্যে সহিংসতার ঘটনায় ছুরিকাঘাতে ইয়াছিন মোল্লা (১৮) নামে এক তরুণ নিহত হয়েছে। পুলিশ সুপার মাহবুবুর রহমানসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। গতকাল দুপুরে ওই কেন্দ্রের বাইরে এই সহিংসতার ঘটনা ঘটে। ঘটনায় গুরুতর আহত ইয়াছিনকে তার বন্ধুরা চাঁদপুর সরকারি হাসপাতালে নিয়ে যান। অতিরিক্ত রক্তক্ষরণে কর্তব্যরত চিকিৎসক নুরে আলম প্রাথমিক চিকিৎসা দিয়ে ঢাকায় পাঠান। ঢাকায় নেওয়ার পথে বাবুরহাট এলাকায় তার মৃত্যু হয়। নিহত ইয়াছিন শহরের কোড়ালিয়া রোডের হারুন মোল্লার ছেলে। হারুন মোল্লা গ্রামীণফোন সেন্টারের দারোয়ান। তার তিন ছেলের মধ্যে ইয়াছিন বড় এবং সে দর্জির কাজ করত। চাঁদপুর সরকারি জেনারেল হাসপাতালের আরএমও ডা. সুজাউদ্দৌলা রুবেল বলেন, ওই তরুণের অবস্থা গুরুতর ছিল। ছুরিকাঘাতে তার গলার রগ কেটে যায়। অতিরিক্ত রক্তক্ষরণেই ঢাকার নেওয়ার পথে তার মৃত্যু হয়েছে।

ইয়াছিনের পিতা হারুন মোল্লা জানান, তার ছেলে নির্বাচনী কেন্দ্রের সামনে যখন আসে, তখনই সহিংসতার মধ্যে পড়ে গুরুতর আহত হয়।

ইয়াছিনের মা আমেনা বেগম জানান, তার ছেলে দর্জির কাজ করত। নির্বাচনে ভোট দেওয়ার জন্যই সেখানে যায়। চাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাসিম উদ্দিন জানান, আমরা জানতে পেরেছি নিহত ইয়াছিন ও অভিযুক্ত শাহাদাত উভয়ই ব্লাকবোর্ড মার্কার সমর্থক। তাদের মধ্যে সিনিয়র ও জুনিয়র নিয়ে তর্কের এক পর্যায়ে এই ঘটনা ঘটেছে। আমাদের কাছে অভিযোগ করা হলে আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। নিহতের মরদেহ থানায় আনা হয়েছে।

# আমাদের সময়

## চাঁদপুর পৌরসভা নির্বাচন
## ভোটকেন্দ্রের বাইরে সংঘর্ষে নিহত ১

চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুর পৌরসভা নির্বাচন চলাকালে ভোটকেন্দ্রের বাইরে ছাত্রলীগের দুপ্রুপের সংঘর্ষে ইয়াছিন মোল্লা (১৮) নামে এক ছাত্রলীগ কর্মী নিহত হয়েছে। গতকাল বেলা পৌনে ১টায় শহরের গনি মডেল উচ্চ বিদ্যালয় কেন্দ্রের বাইরে এ ঘটনা ঘটে। খবর পেয়ে চাঁদপুরের পুলিশ সুপার ও মডেল থানাপুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বর্তমানে ওই যুবকের লাশ পুলিশ হেফাজতে রয়েছে। ইয়াছিন চাঁদপুর শহরের কোড়ালিয়া রোডের হারুন মোল্লার ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, ইয়াছিন ও সাহেদ নামে দুই ছাত্রলীগ কর্মী দুপুর সাড়ে ১২টায় গনি স্কুল কেন্দ্র থেকে বের হয়ে আসে। কিছুক্ষণ পর তারা দুজন কথা কাটাকাটি করে তর্কে জড়িয়ে পড়ে। এ সময় অন্য ছাত্রলীগ কর্মীরা তাদের নিয়ন্ত্রণ করার চেষ্টা করে। কিন্তু সাহেদ ক্ষিপ্ত হয়ে দেশীয় অস্ত্র দিয়ে ইয়াছিনকে কোপাতে শুরু করে। একপর্যায়ে সাহেদ বড় ছুরি দিয়ে তার গলায় আঘাত করলে সে মাটিতে লুটিয়ে পড়ে। পরে তার সহকর্মীরা তাকে উদ্ধার করে চাঁদপুর সরকারি হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ডাক্তার প্রাথমিক চিকিৎসা শেষে তাকে ঢাকায় রেফার করেন। ঢাকায় নেওয়ার পথে বাবুরহাট এলাকায় তার মৃত্যু হয়।

চাঁদপুর সরকারি হাসপাতালের আরএমও ডা. সুজাউদ্দৌলা রুবেল জানান, ইয়াছিনের শরীর থেকে অনেক রক্তক্ষরণ হয়েছে। অবস্থা বেগতিক দেখে তাকে ঢাকায় রেফার করা হয়। চাঁদপুর মডেল থানার ওসি মো. নাসিমউদ্দিন বলেন, সুরুতহাল শেষে লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়েছে। ময়নাতদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

চাঁদপুরের পুলিশ সুপার মো. মাহবুবুর রহমান (পিপিএম বার) আমাদের সময়কে বলেন, প্রাথমিকভাবে শুনেছি কেন্দ্রের বাইরে সিনিয়র-জুনিয়র নিয়ে দুই ছাত্রলীগ কর্মীর মধ্যে সংঘর্ষের সূত্রপাত। তবে আমাদের কয়েকটি টিম তদন্ত শুরু করেছে। আশা করছি, সহসাই আমরা রহস্য উদ্ঘাটনের মাধ্যমে মূল আসামিকে আটক করতে পারব।

# ঢাকা-১৮ আসনের উপনির্বাচনে জাপার প্রার্থী নাসির উদ্দিন

নিজস্ব প্রতিবেদক

ঢাকা-১৮ আসনের উপনির্বাচনে জাতীয় পার্টির প্রার্থী হিসেবে মো. নাসির উদ্দিন সরকারকে দলীয় মনোনয়ন দেওয়া হয়েছে। গতকাল জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের মো. নাসির উদ্দিনের নাম ঘোষণা করেন। এর আগে বনানী কার্যালয়ে জাপা চেয়ারম্যানের সভাপতিত্বে অনুষ্ঠিত মনোনয়ন বোর্ডের সভায় উপস্থিত ছিলেন পার্টির মহাসচিব জিয়াউদ্দিন আহমেদ বাবলু, কো-চেয়ারম্যান মুজিবুল হক চুন্নু, সালামা ইসলাম, জাপার প্রেসিডিয়াম সদস্য রেজাউল ইসলাম ভূঁইয়া।

গত ২৮ সেপ্টেম্বর ঢাকা-১৮ আসনের উপনির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ১২ নভেম্বর এই আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এতে অংশ নিতে আগ্রহী প্রার্থীদের মনোনয়ন দাখিলের শেষ তারিখ ১৩ অক্টোবর, মনোনয়নপত্র যাচাই-বাছাই হবে ১৫ অক্টোবর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ২২ অক্টোবর। এই আসনে এবার ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোট নেওয়া হবে।

ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য ছিলেন আওয়ামী লীগের সভাপতিম-লীর সদস্য প্রয়াত সাহারা খাতুন। তিনি থাইল্যান্ডে চিকিৎসাধীন অবস্থায় ৯ জুলাই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সাহারা খাতুনের মৃত্যুতে ঢাকা-১৮ আসনটি শূন্য ঘোষণা করা হয়।